

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা- ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৩৮২.১৮-

তারিখঃ

কার্তিক, ১৪২৫।

নভেম্বর, ২০১৮।

বিষয় : রীট পিটিশন নং ১০১৬০/২০১৮ এর দফাওয়ারী ইংরেজী জবাব ও রীট সংশ্লিষ্ট তথ্য/রেকর্ডপত্র প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মোছা: মমতাজ মহল, প্রধান শিক্ষক, হরমা সরকারী প্রাথমিক বিদ্যালয়, উপজেলা- চাঁপাইনবাবগঞ্জ সদর, জেলা- চাঁপাইনবাবগঞ্জসহ অন্য উপজেলার মোট ০৬ (ছয়) জন প্রধান শিক্ষক পদসহ পে স্কুল প্রতিষ্ঠার দারীতে মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১০১৬০/২০১৮ দায়ের করেন। রীট পিটিশনটিতে সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে ১নং, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে ৬নং রেসপনডেন্টসহ অন্যান্যদেরকে রেসপনডেন্ট করা হয়েছে। মহামান্য আদালত ১৩.০৮.২০১৮ তারিখে রেসপনডেন্টদের প্রতি রুলনিশি ইস্যুসহ নিম্নরূপ আদেশ প্রদান করেনঃ

Subject to the disposal of the Rule, the parties are directed to maintain status-quo in respect of position of the petitioners as the Headmaster of their respective nationalized government Primary Schools for a period of 06 (six) months from date.

২। উক্ত আদেশের বিরুদ্ধে পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য উক্ত আদেশের সার্টিফাইড কপি প্রয়োজন। তাছাড়া রীট পিটিশনটির দফাওয়ারী ইংরেজী জবাব ও সরকার পক্ষের রেকর্ডপত্র মহামান্য আদালতে দাখিল করা প্রয়োজন।


৩। এমতাবস্থায়, রীট পিটিশন নং ১০১৬০/২০১৮ এর প্রেক্ষিতে নিম্নোক্ত তথ্য/রেকর্ড সমূহ আগামী ০৭ (সাত) দিনের মধ্যে অধিদপ্তরের আইন শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- (১) রীট পিটিশন নং ১০১৬০/২০১৮ এর বিষয়ে তার গৃহীত কার্যক্রমের বিবরণ, ০২ (দুই) প্রস্থ।
- (২) রীট পিটিশনের দফাওয়ারী ইংরেজী জবাব (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ), ০৩ (তিন) প্রস্থ।
- (৩) আদেশের সার্টিফাইড কপি।
- (৪) প্রেরিত ওকালত নামায় স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৫) প্রেরিত ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষর প্রদান (যথাস্থানে স্বাক্ষর ও সীলসহ)।
- (৬) সরকার পক্ষের যাবতীয় রেকর্ড পত্র, ০৩ (তিন) প্রস্থ।
- (৭) প্রতিটি রেকর্ড সম্পষ্ট হওয়া প্রয়োজন।

৪। এ বিষয়ে আর কোন তাগিদপত্র দেয়া হবে না। কোন প্রকার অনিয়ম বা অবহেলাজনিত কারনে সরকারের ক্ষতি হলে এর দায়-দায়িত্ব আপনার উপর বর্তাবে।

সংযুক্তি, ১। রুলের কপি।

২। আর্জির কপি


(মো: আব্দুল আলীম)
সহঃ পরিচালক (আইন)

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
চাঁপাইনবাবগঞ্জ।

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০১.৩৮২.১৮-


তারিখঃ

২২ কার্তিক, ১৪২৫।

৫ নভেম্বর, ২০১৮।

সদয় অরগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, রাজশাহী বিভাগ, রাজশাহী। তাঁকে বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।
- ২। অফিস নথি।


(মো: আব্দুল আলীম)
সহঃ পরিচালক (আইন)